

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.igd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৫৫.১৯(অংশ-১).৫৭৪

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

প্রেরক: মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেট নম্বর-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলমান ২০২১-২২ অর্থ বছরে অনুমোদিত গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “গাজীপুর সিটি কর্পোরেশনের ১ থেকে ৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগের ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে ৪৬.০০.০০০০.০৭১.০২.০৫৫.১৯(অংশ-১).৫৭৩ সংখ্যক সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হইয়া স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হইতে গাজীপুর সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নম্বর	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	অনুদানের অর্থের পরিমাণ	আবর্তক খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
গাজীপুর সিটি কর্পোরেশন (কোড নম্বর: ১৩৭০১০১)	“গাজীপুর সিটি কর্পোরেশনের ১ থেকে ৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড-২২৪২৮১৮০০)	অনুমোদিত	১ম কিস্তি	-	-	-	৬৪২২.০০ লক্ষ (চৌষটি কোটি বাইশ লক্ষ) টাকা	৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা	৬৪৭২.০০ লক্ষ (চৌষটি কোটি বাহাত্তর লক্ষ) টাকা

এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২১-২২) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নম্বর ৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নম্বর-১৩৭) “গাজীপুর সিটি কর্পোরেশনের ১ থেকে ৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড-২২৪২৮১৮০০), অর্থনৈতিক কোড নম্বর ৩২৫৫১০০৪, ৩২৫৫১০০৫, ৩২৫৫১০০২, ৩২১১১০০৬, ৩২৫৭২০০৬, ৩২১১১২৫৫, ৩২৫৭১০০১, ৩২৩১৩০১, ৩২৪৩১০১, ৪১১১৩০০২, ৪১১১৩০০৭ হইতে বহন করা হইবে।

- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংকের বর্হিভূত)।
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারি বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।
- এই আদেশ অর্থ বিভাগের ২০ জুন ২০১৮ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২.৫১৮ নং পরিপত্রমূলে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে জারি করা হল। নিয়োক্ত শর্তে এই অর্থ ছাড়করণে সম্মতি প্রদান করা হল:
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
 - ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন, ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
 - অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক ব্যয় করতে হবে এবং ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
 - প্রকল্প সংশ্লিষ্ট সকল টেন্ডার ই-জিপি'র মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।
- এই বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন এই অর্থ উত্তোলন করিতে পারিবেন।

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: lgcc2@igd.gov.bd


চলমান পাতা-

নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৫৫.১৯(অংশ-১).৫৭৪/১(১০)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বাজেট-১১)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর।
৭. প্রকল্প পরিচালক, “গাজীপুর সিটি কর্পোরেশনের ১ থেকে ৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্প, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জি.ও. টি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. অফিস কপি।


মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব